

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০০.০০৬.১০.০০০১.২৫.১১০

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (BMTTI)- এ আয়োজিত আরবি ভাষা বিষয়ে অনলাইন ১০ টি ব্যাচের প্রশিক্ষণের জন্য প্রভাষক আরবি ও সহকারী অধ্যাপকগণ এবং সহকারী মৌলভী এর জন্য প্রশিক্ষণার্থী মনোনয়ন সংক্রান্ত।

সূত্র: বিএমটিটিএমআই-এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.১৮.০০৩.২৪.১০১৪ তারিখ: ০৬/১১/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (BMTTI)-কর্তৃক আয়োজিত (২৩/১১/২০২৫ থেকে ০৮/০১/২০২৬ পর্যন্ত, ৩৬ কর্মদিবস) অনলাইন ১০ টি ব্যাচের প্রশিক্ষণের জন্য প্রভাষক আরবি ও সহকারী অধ্যাপকগণ এবং সহকারী মৌলভী বিষয়ে মোট ৩০ জনের তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে মাদ্রাসার প্রভাষক আরবি ও সহকারী অধ্যাপকগণ এবং সহকারী মৌলভী শিক্ষকগণের অনলাইনে আরবি ভাষা বিষয়ে প্রশিক্ষণ কোর্সের প্রতি ব্যাচের প্রশিক্ষণার্থী ৩০ জনের তালিকা সংযুক্ত করে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রশিক্ষণ ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

- (ক) প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণার্থীগণের তালিকা আবশ্যিকভাবে MEMIS সফটওয়্যারের ডাটাবেইজে এন্ট্রি নিশ্চিত করতে হবে। ব্যত্যয় ঘটলে অধ্যক্ষ বিএমটিটিআই দায়ী থাকবেন;
- (খ) মনোনীত শিক্ষকগণের মধ্যে অনুপস্থিতির তালিকা মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং:-৫৭.২৫.০০০০.০০৬.০৯.০০১.২১.৩৫; তারিখ ২০/০৫/২০২১ খ্রি. বর্ণিত ছকে কোর্স সমাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে compliance Report প্রেরণ করতে হবে এবং একই সাথে পরবর্তী কোর্স শুরু হওয়ার পূর্বে MEMIS সফটওয়্যারের ডাটাবেইজে এন্ট্রির তথ্য প্রেরণ করতে হবে;
- (গ) প্রয়োজনে মোবাইলে/ব্যক্তিগতভাবে যোগাযোগপূর্বক প্রেরিত তালিকা অনুযায়ী সকল প্রশিক্ষণার্থীর উপস্থিতি নিশ্চিত করতে হবে;
- (ঘ) যুক্তিসংগত ও গ্রহণযোগ্য কারণ ব্যতীত মনোনীত শিক্ষকগণ প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তা প্রতিষ্ঠান প্রধানের অসদাচরণ হিসেবে বিবেচিত হবে;
- (ঙ) প্রশিক্ষণ কোর্স পরিচালনার ক্ষেত্রে সরকারি বিধিবিধানসমূহ প্রতিপালন করতে হবে।

সংযুক্তি: (১) বিএমটিটিআই'র প্রস্তাব-১ ফর্দ।

(২) প্রশিক্ষণার্থীর তালিকা-১০ ফর্দ।

১৭-১১-২০২৫
মোঃ আবুল কালাম তালুকদার
পরিচালক

অধ্যক্ষ

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, বোর্ডবাজার, গাজীপুর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০০.০০৬.১০.০০০১.২৫.১১০/১ (৪)

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব, মাদ্রাসা অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৩। উপ-পরিচালক (প্রশাসন), মাশিঅ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।



Razzak

১৭-১১-২০২৫

মোহাম্মদ আবদুর রাজ্জাক
সহকারী পরিচালক